

বগুড়ার আদমদিঘি হতে ২০০ গ্রাম হেরোইনসহ গ্রেফতার-১



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বগুড়া উপ-অঞ্চলের সান্তাহার সার্কেল পরিদর্শক জনাব মোঃ মনিরুজ্জামান এর নেতৃত্বে একটি বিশেষ অভিযানকারী দল গত ০৯/০২/২০১৫ তারিখ ১২.০০-১৩.০০ ঘটিকায় বগুড়ার আদমদিঘি থানার ইন্দুইল ব্রীজ সংলগ্ন ভাই ভাই রাইস মিলের সামনে রাস্তার উপর মারুফ এন্টারপ্রাইজ নামক যাত্রাবাহী সিএনজি তল্লাশী করে ২০০

গ্রাম হেরোইনসহ আসামী ১) মোঃ মামুনুর রশীদ(৩৩), পিতা-মৃত আব্দুল মজিদ, সাং-দাতবিকরা, থানা-গোদাগাড়ী, জেলা-রাজশাহীকে হাতেনাতে গ্রেফতার করেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী জানায় রাজশাহী জেলার গোদাগাড়ী সীমান্ত এলাকা দিয়ে পাচারকরে উক্ত হেরোইন বাংলাদেশে নিয়ে আসে। উক্ত হেরোইন সে ঢাকা নিয়ে যাচ্ছিল বলে জানায়। বাস চলাচল না করায় এবং পাচারের সুবিধার্থে সে সিএনজিতে করে ভেঙ্গে ভেঙ্গে ঢাকা যাচ্ছিল বলেও জানায়। আসামীর বিরুদ্ধে আদমদিঘি থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।